রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৮, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড

মূল্য সংযোজন কর

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ই কার্তিক ১৪০০/২৭শে অক্টোবর ১৯৯৩

এস, আর, ও, নং ২১৩-আইন/৯৩/৮১-মূসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ [ধারা ৫(৪) এর সহিত পঠিতব্য] এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর ধার্য করণ (বিশেষ) বিধিমালা, ১৯৯১ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উক্ত বিধিমালার বিধি ২ এ বিধৃত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S 010 এর বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(ক) ভূমি উন্নয়ন সংস্থা কর্তৃক বিক্রিত ফ্ল্যাট বা ইমারতের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্তির ৪০ শতাংশ নির্মাণ ব্যয় হিসাবে পরিগণিত হইবে এবং এই নির্মাণ ব্যয়ের ৩৩ শতাংশকে মূল্য সংযোজন করের ভিত্তিতে গণ্য করা হইবে। এবং

(খ) যে ক্ষেত্রে সেবা প্রদানকারী বাণিজ্যিক উদ্দেশ্যে ক্রীত জমির উন্নয়ন করে সে ক্ষেত্রে জমির ক্রয় মূল্য ব্যতীত ভূমি উন্নয়নের পর উন্নয়নকৃত ভূমি বা ভূমির অংশ বিক্রয়ের বিনিময়ে সর্বমোট প্রাপ্তিকে মূল্য সংযোজন কর নিরূপনের ভিত্তি হিসাবে গণ্য করা হইবে।"

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
মো: জহুরুল হক
প্রথম সচিব (মূসক)।

মো: মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মো: আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।



মূল্য: টাকা ১.০০